
দৈনিক বাংলা

22/8/80

3 - 8

C39



## মীর আনোয়ার আলী স্মরণে শোকসভা

গতকাল ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জনাব মীর আনোয়ার আলীর মৃত্যু উপলক্ষে এক শোকসভার আয়োজন করেন। ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী জনাব আমিরুল ইসলাম কালামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই শোকসভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব, বাংলা একাডেমীর মহাপরিচালক এবং মন্ত্রণালয়ের অন্যান্য অফিসারবৃন্দ। জনাব আলী সম্প্রতি ঢাকায় শেষ নিশ্বাস ত্যাগ করেন।

সভাপতির ভাষণে জনাব আমিরুল ইসলাম কালাম বলেন, মরহুম আনোয়ার আলী একজন নিবেদিত-প্রাণ অফিসার ছিলেন যিনি তাঁর জীবনে অনেক সময় ক্রীড়া ও সংস্কৃতির উন্নয়নের জন্য উৎসর্গ করেছেন।

জনাব আলী ক্রীড়া ও সাংস্কৃতিক মন্ত্রণালয়ের সাংস্কৃতিক উপদেষ্টা ছিলেন।